

NUTRITION (New Syllabus) 2024

Total Time : 3 Hours 15 minutes]

[Total Marks : 70

- ⊛ পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। বর্ণশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে।
- ⊛ **Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.**
- ⊛ संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।

নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা 24.
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেরই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

ভাষা/Versions / भाषा	পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से	পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक
বাংলা/Bengali/বাংলা	3	9
ইংরাজী/English/अंग्रेजी	10	16
হিন্দী/Hindi /हिन्दी	17	23

- এই প্রশ্নপুস্তিকার ২ নং পৃষ্ঠায় প্রদত্ত হিন্দী এবং ইংরাজী নির্দেশাবলি পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- प्रश्न पुस्तिका के पृष्ठ संख्या 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।



বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।

(বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি)

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1 × 21 = 21

(i) মধ্যাহ্নকালীন আহার প্রাপকদের বয়সসীমা হলো

- (a) 6 - 10 বছর (b) 6 - 14 বছর
(c) 6 - 16 বছর (d) 6 - 18 বছর।

(ii) জন্মমুহূর্তে গড় ভারতীয় শিশুর দৈহিক ওজন যা হয়, সেটি হলো

- (a) 2.5 - 3 কেজি (b) 1.5 - 2 কেজি
(c) 3.5 - 4 কেজি (d) 1 কেজি।

(iii) উৎসেচকের প্রোটিনের সঙ্গে দৃঢ়ভাবে আবদ্ধ থাকা অপ্রোটিন অংশটিকে বলে

- (a) সহ-উৎসেচক (b) অ্যাপো-উৎসেচক
(c) হোলো-উৎসেচক (d) প্রস্টেটিক গ্রুপ।

(iv) 'বিশ্ব মাতৃদুগ্ধ পান' সপ্তাহের উদ্বাপন কবে থেকে শুরু হয় ?

- (a) 1 - 7 আগস্ট, 1992 (b) 1 - 7 এপ্রিল, 2001
(c) 1 - 7 জুন, 2005 (d) 1 - 7 আগস্ট, 2001

(v) বাজারে খাদ্যদ্রব্যের মান বজায় রাখার জন্য ভারত সরকার দ্বারা প্রবর্তিত সার্টিফিকেশন মার্কস স্কিমটি হলো

- (a) হলমার্ক (b) বিসমার্ক
(c) আগমার্ক (d) ট্রেডমার্ক।

(vi) কোন্টি লালারসের জৈব উপাদান ?

(a) NaCl

(b) KCl

(c) লাইসোজাইম

(d) ক্যালসিয়াম কার্বোনেট।

(vii) চাইনিজ খাদ্যে ব্যবহৃত ক্ষতিকারক পদার্থটি হলো

(a) পটাশিয়াম মেটাবাইসালফাইট,

(b) বেনজোয়িক অ্যাসিড

(c) সোডিয়াম বেনজোয়েট

(d) মোনোসোডিয়াম গ্লুটামেট।

(viii) সোডিয়াম গ্লাইকোকোলেট কী ?

(a) মিউসিন

(b) লেসিথিন

(c) পিত্ত লবণ

(d) পিত্তরঞ্জক।

(ix) খাদ্য সমীক্ষার মেয়াদ কতদিন হয় ?

(a) 7 দিন

(b) 8 দিন

(c) 9 দিন

(d) 10 দিন।

(x) লোহার শোষণ বাড়াবার জন্য খাদ্যে কোন্ অ্যাসিডের পরিমাণ বাড়ানো দরকার ?

(a) অ্যামাইনো অ্যাসিড

(b) অ্যাসকরবিক অ্যাসিড

(c) ফ্যাটি অ্যাসিড

(d) ফাইটিক অ্যাসিড।

(xi) খাদ্যমূল্য তালিকা বা Food Value Tables ব্যবহারের ক্ষেত্রে কোন্টি জানা আবশ্যিক ?

(a) বিনিময় তালিকা

(b) খাদ্যের বিভাগ

(c) খাদ্যের প্রকৃতি

(d) খাদ্যের ওজন।



(xii) গ্যাসট্রিন ক্ষরিত হয় পাকস্থলীর থেকে।

- (a) অক্সিনটিক কোষ (b) পেপটিক কোষ
(c) আরজেনটাইফিন কোষ (d) পাইলোরিক গ্রন্থি।

(xiii) 'গ্লাইকোজেনোলাইসিস' প্রক্রিয়ায় সাহায্যকারী হরমোনটি হলো

- (a) গ্লুকাগন (b) ইনসুলিন
(c) গ্যাসট্রিন (d) সোম্যাটোস্ট্যাটিন।

(xiv) DHA শিশুদের জন্য বিশেষ প্রয়োজনীয় কারণ এটি সাহায্য করে

- (a) মস্তিষ্কের বিকাশে (b) হাড় শক্ত করতে
(c) রক্তজালিকা গঠন করতে (d) প্রতিরোধ ক্ষমতা বাড়াতে।

(xv) ভারতে মাল্টিপারপাস ফুড প্রস্তুতকারী সংস্থার নাম

- (a) NIN (b) FAO
(c) CFTRI (d) WHO.

(xvi) যে রোগে পিউরিন বিপাক পরিবর্তিত হয়, সেটি হলো

- (a) নেফ্রোসিস (b) সিরোসিস অব লিভার
(c) গোট্টে বাত (d) হৃদরোগ।

(xvii) ব্রাইন হলো

- (a) চিনির জল (b) লবণ জল
(c) বরফ জল (d) ঔষধ মিশ্রিত জল।

(xviii) Koilonychia রোগটি-এর অভাব জনিত রোগ।

- (a) ভিটামিন A (b) লৌহ
(c) প্রোটিন (d) সোডিয়াম।

(xix) “পুষ্টিশিক্ষা হল অপুষ্টি নিবারণের একটি সুপরিকল্পিত মুখ্য প্রক্রিয়া” — এটি

প্রকাশ করে

(a) WHO

(b) FAO

(c) UNICEF

(d) ICMR.

(xx) ছেদক দাঁতের মোট সংখ্যা হলো

(a) 8

(b) 6

(c) 10

(d) 12.

(xxi) ফলের রসে চকের গুঁড়োর মত সাদা পদার্থ সৃষ্টির জন্য দায়ী

(a) ছত্রাক

(b) শৈবাল

(c) পেনিসিলিন

(d) *E. coli.*

(সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি)

2. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি একটি বাক্যে উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :

1 × 14 = 14

(i) ‘বায়োটিক পোটেনশিয়াল’ বলতে কী বোঝো ?

(ii) কোলোস্ট্রাম ও পরিণত মাতৃদুগ্ধের মধ্যে পার্থক্য কী ?

অথবা

একটি দুগ্ধ প্রোটিন ও একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিডের নাম লেখো।

(iii) ‘GOR’-এর পুরো নামটি লেখো।

অথবা

‘AVA’-এর পূর্ণ রূপটি লেখো।

(iv) যক্ষ্মা রোগের জীবাণুটির নাম কী ?

অথবা

রক্তে স্বাভাবিক কোলেস্টেরলের মাত্রা কত ?

(v) NNMB-এর সম্পূর্ণ রূপটি কী ?

(vi) ফলিত পুষ্টি প্রকল্প কত সালে এবং কোথায় শুরু হয় ?

(vii) অনুপূরক খাদ্য বলতে কী বোঝো ?

অথবা

PAR বলতে কী বোঝো ?

(viii) সক্রিয় পরিবহন কী ?

অথবা

পাইলোরিক স্ফিংটার কাকে বলে ?

(ix) কোন্ প্রকারের খাদ্যে SDA-এর মান সবথেকে বেশি ?

(x) Spina Bifida রোগটি কী ?

অথবা

অ্যানজাইনা পেপ্টোরিস কী ?

(xi) একটি থার্মোফিলিক ব্যাকটেরিয়ার উদাহরণ দাও।

অথবা

3D রোগটি কী ? এটি কোন্ ভিটামিনের অভাবে হয় ?

(xii) কত সালে ICMR-এর শতবার্ষিকী উদযাপিত হয় ? (2011)

(xiii) খাদ্য বিনিময় তালিকার দুটি উদাহরণ দাও।

অথবা

চোখের কোন্ অবস্থা জেরোপথ্যালমিয়া নামে পরিচিত ?



(xiv) CDPO-এর সম্পূর্ণ রূপটি কী ?

অথবা

PCM বলতে কী বোঝো ?

(বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি)

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $7 \times 5 = 35$

(a) EMP পথের সম্পূর্ণ নাম কী ? এর অপর নাম ও তার সংজ্ঞাটি লেখো। এই প্রক্রিয়াটি কোষের কোথায় হয় এবং এই পদ্ধতিতে উৎপন্ন সর্বশেষ পদার্থটি কি ?
EMP পথের সম্পূর্ণ প্রক্রিয়াটির সংক্ষেপে বিবরণ দাও। $1 + 1\frac{1}{2} + 2 + 2\frac{1}{2}$

অথবা

প্রোটিনোলাইটিক, লাইপোলাইটিক ও অ্যামাইলোলাইটিক উৎসেচক বলতে কী বোঝো ? কোরিচক্র কী ? চিত্রসহযোগে বর্ণনা করো। $3 + 1 + 3$

(b) আন্ত্রিক রসের উৎস, উপাদান ও কাজ উল্লেখ করো। $1 + 2 + 4$

অথবা

পাচন ক্রিয়ায় HCl-এর গুরুত্বপূর্ণ কাজগুলি লেখো। ক্ষুদ্রান্ত্রে শর্করার পাচন প্রক্রিয়া আলোচনা করো। $3 + 4$

(c) মৌল বিপাকীয় হার নিয়ন্ত্রণকারী উপাদানগুলি উল্লেখ করো। 18 বছরের একজন শিক্ষার্থীর টিফিনে 500 kcal মোট তাপশক্তির জন্য 15 gm প্রোটিন, 4 gm ফ্যাট দেওয়া হয়েছে। তাহলে 500 kcal শক্তি পরিপূরণের জন্য টিফিনে কত গ্রাম কার্বোহাইড্রেট প্রয়োজন ? $4 + 3$



Handwritten notes and calculations at the bottom right of the page, including a large '500' and various scribbles.

(d) রক্তাল্পতার সংজ্ঞা লেখো। এই অসুখের কারণ ও প্রতিরোধের উপায় আলোচনা
করো।

2 + 2 + 3

অথবা

“A disease due to hurry, worry and curry” — এখানে কোন্
রোগের কথা বলা হয়েছে? এই রোগের কারণগুলি কী কী? এই রোগে
আক্রান্ত রোগীকে কিভাবে পথ্যের সাহায্যে চিকিৎসা করা যাবে?

$\frac{1}{2} + 2\frac{1}{2} + 4$

‘খাদ্য সমীক্ষা’ কী? যে-কোনো দুটি খাদ্য সমীক্ষা পদ্ধতির সুবিধা ও অসুবিধা
আলোচনা করো।

1 + 3 + 3

অথবা

দুধে উপস্থিত দুটি অণুজীবগুর নাম লেখো। দুগ্ধ সংরক্ষণে পাস্তরাইজেশন পদ্ধতির
ভূমিকা আলোচনা করো। ফল সংরক্ষণের রাসায়নিক পদ্ধতিগুলি লেখো।

1 + 3 + 3

